

তারিখ : 13/12/2016

**আর বি আই, বালি, হাওড়া, পশ্চিমবঙ্গ-স্থিত বালি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর উপর থেকে বিশেষ
নিয়ন্ত্রণবিধি প্রত্যাহার করল**

নভেম্বর 06, 2006 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই) ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949(এএসিএস)-এর ধারা 35A, তৎসহ পঠিত ধারা 56-এর অধীনে বালি, হাওড়া, পশ্চিমবঙ্গ-স্থিত বালি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর উদ্দেশ্যে বিশেষ নিয়ন্ত্রণবিধি জারি করেছিল। উক্ত আদেশবিধি নভেম্বর 14, 2006 তারিখ কাজের শেষ থেকে পরবর্তী আদেশ অবধি ও সময়ে সময়ে পর্যালোচনার সাপেক্ষে কার্যকর ছিল।

রিজার্ভ ব্যাঙ্ক, জনস্বার্থে করণীয় জরুরি বলে নিশ্চিত হওয়ার পর, তার উপর ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949(এএসিএস)-এর ধারা 35A-র উপধারা (2), তৎসহ পঠিত ধারা 56-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে বালি, হাওড়া, পশ্চিমবঙ্গ-স্থিত বালি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর বালি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর উদ্দেশ্যে উক্তরূপে জারিকৃত উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি ডিসেম্বর 07, 2016 থেকে কার্যকররূপে প্রত্যাহার করল। যদিও, ব্যাঙ্কটি কার্যবিধি সংক্রান্ত নির্দেশবিধির অধীনে ক্রিয়াশীলতা বিদ্যমান রাখবে।

প্রেস প্রকাশনী: 2016-2017/1505

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা